



বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

ভিশন:

সার্বজনীন ব্যবহারবান্ধব পদ্ধতিতে নির্ভরযোগ্য, প্রাসঙ্গিক ও সময়োপযোগী তথ্য উপাত্ত সরবরাহের মাধ্যমে আন্তর্জাতিক মানের জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ।

মিশন:

(১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দিকনির্দেশনায় ও নেতৃত্বে একটি সুসজ্জত, পেশাদারি, দক্ষ ও কার্যকরী পরিসংখ্যান পদ্ধতি প্রতিষ্ঠা করা;

(২) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তথ্য-উপাত্ত ব্যবহারকারীদের চলমান ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে স্বচ্ছ ও সময়োপযোগী প্রক্রিয়ায় আন্তর্জাতিক মান ও সর্বোত্তম পরিসংখ্যান চর্চার পদ্ধতি অনুসরণপূর্বক সরকারি পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করা।

বিবিএস এর কার্যাবলি:

(ক) সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনা;

(খ) জনশুমারি, কৃষিশুমারি, মৎস্য ও প্রাণিসম্পদ শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ;

গ) সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সাথে নির্ভরযোগ্য ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;

ঘ) পরিসংখ্যান বিষয়ক নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন;

(ঙ) পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ, পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

(চ) পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ; যেকোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;

(ছ) ভূমি ব্যবহারসহ বিভিন্ন ফসলের উৎপাদন, উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন;

(ঝ) জিও-কোড সিস্টেম প্রণয়ন এবং একমাত্র জিও-কোড সিস্টেম হিসেবে উহা হালনাগাদকরণ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;

(ঝ) পরিসংখ্যানের প্রধান প্রধান কার্যক্রমসমূহ আন্তর্জাতিক মানে প্রমিতকরণ (Standardization); এবং (ঞ) উপর্যুক্ত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কাজের বিবরণ:

নিয়মিত কার্যক্রমসমূহ:

- ১। ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) এবং প্রায় ১৪০টি অপ্রধান ফসলের আয়তন ও উৎপাদন হিসাব প্রাক্কলন
- ২। ৬টি প্রধান ফসলের পূর্বাভাস জরিপ
- ৩। অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতির হিসাব প্রাক্কলন
- ৪। মাসিক কৃষিমজুরের হার নিরূপণ
- ৫। ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান
- ৬। মৎস্য উৎপাদন জরিপ
- ৭। বন জরিপ
- ৮। গবাদিপশু ও হাঁসমুরগির প্রক্কলন জরিপ
- ৯। প্রতি মাসের প্রথম সপ্তাহে এসভিআরএস প্রকল্পের তথ্যসংগ্রহ করা
- ১০। সেবাগ্রহীতার চাহিদা অনুযায়ী বিবিএস এর প্রকাশিত তথ্য অতি দ্রুততার সাথে সরবারহ করা হয়।

২০২৩-২০২৪ অর্থবছরে বিবিএস পরিচালিত শুমারি ও জরিপসমূহ:

- ১। হাইজহোল্ড বেইজড এনভাইরনমেন্ট সার্ভে (HBES) ২০২৪
- ২। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৪
- ৩। শ্রমশক্তি জরিপ ২০২৪
- ৪। WASH SURVEY 2024
- ৫। SVRS SURVEY 2024 (চলমান)
- ৬। অর্থনৈতিক শুমারি ২০২৪ এর মূল শুমারি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত প্রস্তুতিমূলক কার্যক্রম হিসেবে লিস্টিং কার্যক্রম পরিচালনা।

গত ২০২২-২৩ ও ২০২৩-২০২৪ অর্থবছরে শ্রীমঙ্গল উপজেলার ৬টি প্রধান ফসলের (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাব:

ক্রমিক নং	ফসলের নাম	অর্থবছর: ২০২২-২৩		অর্থবছর: ২০২৩-২৪		
		আবাদি জমির আয়তন (একর)	আবাদি জমির আয়তন (একর)	আবাদি জমির আয়তন (একর)	উৎপাদন (মে.টন)	মন্তব্য
০১	আউশ	২৮৪৫১.২৪	৩১৯৭৩.০১	১২৪৪৪	১৩৮৭৫.০৬	অতিরিক্ত খরার কারণে ফসল চাষাবাদ করা সম্ভব হয়নি।
০২	আমন	৩৭৩২৪	৪৫৭৭৭	৩৭৮৭৭.৭৫	৪৪৯৮৭.৫২	খরার কারণে ফসলের উৎপাদন কম হয়েছে।
০৩	বোরো	২৮২৮৩.৯	৪৬৩২৬.১৭	২৯৯০১.৪৭	৪৫৮৩২	খরার কারণে ফসলের উৎপাদন কম হয়েছে।
০৪	পাট	০	০	০	০	চাষাবাদ হয় না।
০৫	গম	৫৮.১৫	৪২.৩১	৫৮.৮৬	৪২৮৩	উৎপাদন ভালো হয়েছে।
০৬	আলু	৬৬২.২৫	৩৯৯৬.৩১	৬৩৮.৩	৩৭৪৬.৩	আগাম বৃষ্টির কারণে আবাদ কম।

এ ছাড়া ১৪০ টি অপ্রধান ফসলের মধ্যে যে সকল ফসল শ্রীমঙ্গল উপজেলায় চাষাবাদ করা হয় সে-সকল ফসলের আয়তন (একরে), ও উৎপাদন দেওয়া হয়।



(অমলেন্দু সূত্রধর)

পরিসংখ্যান কর্মকর্তা

উপজেলা পরিসংখ্যান অফিস

শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

ফোন-০১৬৭৬৮৮৬৬৯৪

Email: usosreemongal@gmail.com